Neuadd y Sir
Caerdydd,
CF10 4UW
Ffôn:(029) 2087 2088
www.caerdydd.gov.uk

County Hall
Cardiff,
CF10 4UW
Tel:(029) 2087 2087
www.cardiff.gov.uk

মার্চ ২০২৪

প্রিয় পিতা/মাতা / অভিভাবক

**অতিরিক্ত শেখার প্রয়োজনসম্পন্ন শিশু এবং তরুণদের জন্য বন্দোবস্ত (এএলএন)**

অতিরিক্ত শিক্ষার প্রয়োজনসম্পন্ন শিশু এবং তরুণদের জন্য উচ্চমানের প্রাইমারি ও সেকেন্ডারি বিশেষজ্ঞ স্কুল স্থান প্রদানের জন্য প্রস্তাবিত পরিবর্তনগুলির বিষয়ে জনসাধারণের সাথে সলাপরামর্শ (পাবলিক কনসালটেশন) সম্পর্কে আমরা আপনাকে আগে লিখেছিলাম।

২০২৪ সালের ২১ মার্চ কাউন্সিলের ক্যাবিনেট বৈঠকে কনসালটেশনের উপর একটি রিপোর্ট বিবেচনা করা হবে।

রিপোর্টে কনসালটেশন তথা জনগণের সাথে সলাপরামর্শের সময় প্রাপ্ত প্রতিক্রিয়া/মতামত, উত্থাপিত বিষয়গুলি, এগুলিতে কাউন্সিলের প্রতিক্রিয়া এবং এগিয়ে যাওয়ার জন্য সুপারিশগুলি সম্পর্কে ক্যাবিনেটকে অবহিত করা হয়েছে।

রিপোর্টে নিম্নলিখিত ক্ষেত্রে কর্মকর্তাদের বিধিবদ্ধ নোটিশ প্রকাশের অনুমোদন দেওয়ার জন্য ক্যাবিনেটকে সুপারিশ করা হয়েছে:

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলে (Baden Powell Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি নতুন ৮ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ফেয়ারওয়াটার প্রাইমারি স্কুলে (Fairwater Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি নতুন ৮ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

- বিদ্যমান ভবনগুলির বা নতুন ভবনগুলির মধ্যে ২০২৫ সালের সেপ্টেম্বর থেকে হারবার্ট থম্পসন প্রাইমারি স্কুলে (Herbert Thompson Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি নতুন ১৬ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে লেকসাইড প্রাইমারি স্কুলে (Lakeside Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি নতুন ১৬ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে স্প্রিংউড প্রাইমারি স্কুলে (Springwood Primary School) মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের জন্য একটি নতুন ৮ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ। এটি বিদ্যমান ওয়েলবিয়িং ক্লাসকে প্রতিস্থাপন করবে।

**GWEITHIO DROS GAERDYDD, GWEITHIO DROSOCH CHI**
Mae'r Cyngor yn croesawu gohebiaeth yn Gymraeg, Saesneg neu'n ddwyieithog. Byddwn yn cyfathrebu â chi yn ôl eich dewis, dim ond i chi roi gwybod i ni pa un sydd well gennych. Ni fydd gohebu yn Gymraeg yn arwain at oedi.

**WORKING FOR CARDIFF, WORKING FOR YOU**
The Council welcomes correspondence in Welsh, English or bilingually. We will ensure that we communicate with you in the language of your choice, as long as you let us know which you prefer. Corresponding in Welsh will not lead to delay.

UCHELGAIS PRIFDDINAS
CAPITAL AMBITION

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে Ysgol Gyfun Gymraeg Plasmawr-এ মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য একটি নতুন ২০ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে কোয়েড গ্লাস প্রাইমারি স্কুলে (Coed Glas Primary School) অটিজমের জন্য ২০ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে গ্রিনওয়ে প্রাইমারি স্কুলে (Greenway Primary School) জটিল শিক্ষাগত চাহিদা এবং/অথবা অটিজমের জন্য একটি ২০ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

- বিদ্যমান ভবনগুলির মধ্যে ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে সেভার্ন প্রাইমারি স্কুলে (Severn Primary School) জটিল শিক্ষাগত চাহিদা এবং/অথবা অটিজমের জন্য একটি ২০ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনকরণ।

ক্যাবিনেটকে Ysgol Gymraeg Pwll Coch-এ মানসিক স্বাস্থ্য ও কল্যাণের জন্য একটি ৮ আসনবিশিষ্ট বিশেষজ্ঞ রিসোর্স বেইস স্থাপনের প্রস্তাবটি এগিয়ে না নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। কাউন্সিল ইতিমধ্যে তালিকাভুক্ত এবং ওয়েলবিয়িং ক্লাসের মধ্যে থাকা শিক্ষার্থীদের সমর্থন করার জন্য স্কুলের সাথে কাজ চালিয়ে যাবে এবং ওয়েলশ-মাধ্যম মানসিক স্বাস্থ্য এবং কল্যাণ প্রাইমারি স্কুলের আসনগুলির বিধানের (বন্দোবস্তের) জন্য সংশোধিত প্রস্তাবগুলি যত তাড়াতাড়ি সম্ভব সামনে আনা হবে।

রিপোর্টটি ১৫ মার্চ ২০২৪ তারিখে সন্ধ্যা ৬টা থেকে কাউন্সিলের ওয়েবসাইটে দেখা যাবে এবং নীচের লিঙ্কের মাধ্যমে প্রবেশ করা যাবে:

[Agenda for Cabinet on Thursday, 21st March, 2024, 2.00 pm : Cardiff Council (moderngov.co.uk)]

ক্যাবিনেট বৈঠকের পরে প্রস্তাবগুলি সম্পর্কিত একটি সর্বশেষ তথ্য প্রদান করা হবে।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে দয়া করে স্কুল সংগঠন পরিকল্পনা দলের (School Organisation Planning Team) সাথে (029) 2087 2720 নম্বরে বা schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করুন

আপনারই বিশ্বস্ত



ব্রেট আন্দ্রেওয়ার্থা (Brett Andrewartha)
**স্কুল অর্গানাইজেশন প্রোগ্রাম প্ল্যানিং ম্যানেজার**